দৈনিক ইত্তেফাক
তারিখ JUL 1 4 1999
পৃঃ ১০ কলাম ৪

# বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও জেএসপিএস'র মধ্যে চুক্তি নবায়ন

গত ৬ই জুলাই জাপানের টোকিওতে অবস্থিত জেএসপিএস'র (জাপান সোসাইটি ফর দি প্রমোশন অফ সাইন্স) অফিসে বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন ও জেএসপিএস'র মধ্যে ১৯৯৩ সালে সম্পাদিত চুক্তি নবায়নের লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশের পক্ষে প্রতিনিধি দলের নেতৃত্ব দেন কমিশনের চেয়ারম্যান প্রফেসর ডঃ এ টি এম জহুরুল হক। দলের অন্যান্য সদস্য ছিলেন কমিশনের সদস্য প্রফেসর ডঃ আনোয়ারউল্লাহ চৌধুরী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর প্রফেসর ডঃ এ কে আজাদ চৌধুরী। সভায় চুক্তি নবায়ন ও জোরদার করার লক্ষ্যে কতিপয় সিদ্ধান্ত গৃহীত হয়। উহা হইতেছে চুক্তির অধীনে সামাজিক বিজ্ঞান এবং চিকিৎসা বিজ্ঞানসহ বিজ্ঞানের সকল বিষয় বিজ্ঞানী বিনিময় কর্মসূচীতে বাংলাদেশের ক্ষেত্রে বৃত্তির সংখ্যা এবং বৃত্তির অর্থের পরিমাণ বৃদ্ধি বিজ্ঞানী বিনিময় কর্মসূচীতে বাংলাদেশের বিজ্ঞানীদের গবেষণার ক্ষেত্রে জাপানে অবস্থানের সময়সীমা বর্ধিতকরণসহ তাঁদের বার্ষিক আর্থিক সুবিধাদি বৃদ্ধি করা হইবে। প্রতিনিধিদল গত রবিবার দেশে ফিরিয়াছেন। —প্রেস বিজ্ঞপ্তি।